



তারিখ: ১৪ জানুয়ারী, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

**ভোটার তালিকায় হিজড়া জনগোষ্ঠীদের ‘লিঙ্গ পরিচয়’ অন্তর্ভুক্তিতে নির্বাচন কমিশনকে
ব্লাস্টের অভিনন্দন**

হিজড়া জনগোষ্ঠীকে ভোটার তালিকায় ‘লিঙ্গ পরিচয়’-এ অন্তর্ভুক্ত করেছে নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনের এ উদ্যোগকে অভিনন্দন জানিয়েছে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।

২০১৩ সালের ১৩ নভেম্বর মন্ত্রিসভার বৈঠকে হিজড়াদের ‘লিঙ্গ পরিচয়কে’ রাষ্ট্রীয় স্বীকৃতি দিয়ে এ সংক্রান্ত ‘নীতিমালা’ অনুমোদন করা হয় এবং ২০১৪ সালের ২৬ জানুয়ারি হিজড়া জনগোষ্ঠীকে লিঙ্গ পরিচয় স্বীকৃতি দিয়ে গেজেট প্রকাশ করা হয়।

এ ধারাবাহিকতায় ২০১৪ সালের ভোটার নিবন্ধন বিধিমালা প্রণয়নের সময়ই নির্বাচন কমিশন ‘হিজড়া’র অপশন প্রস্তাবিত নিবন্ধন ফরমে যুক্ত করে। কিন্তু ভোটার তালিকা আইন ও ভোটার তালিকা বিধিমালা সংশোধন না হওয়ায় তা কার্যকর হচ্ছিল না। এসময় হিজড়ারা ভোটার হলেও তারা নারী বা পুরুষ ঐচ্ছিক পরিচয়ে ভোটার হতেন। তাই ভোটার তালিকা আইন-২০০৯ ও ভোটার তালিকা বিধিমালা-২০১২ এ সংশোধনী আনার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন।

সেক্ষেত্রে আগামী ভোটার তালিকা হালনাগাদে তারা ‘নারী’ ও ‘পুরুষ’ এর বাইরে ‘হিজড়া’ পরিচয়ে ভোটার হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন তারা। ভোটারদের তথ্য সংগ্রহে নিবন্ধন ফরমের ১৭ নম্বর ক্রমিকে ‘লিঙ্গ পরিচয়’ ছকে এ ‘হিজড়া’ যোগ করার ফলে হিজড়াদের নিজের পরিচয়ে ভোটার হওয়ার ক্ষেত্রে বর্তমানে আর কোনো বাধা নেই।

উল্লেখ্য, সমাজসেবা অধিদপ্তরের জরিপ অনুযায়ী বর্তমানে বাংলাদেশে প্রায় ১০ হাজার হিজড়া রয়েছেন। ব্লাস্ট আশাবাদ ব্যক্ত করে যে, সরকারী-বেসরকারী সকল প্রতিষ্ঠানে হিজরা জনগোষ্ঠী তাদের নিজেদের পরিচয়ে সকল ধরনের নাগরিক সুবিধা ভোগ করতে পারবেন।

যোগাযোগ:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল-mahbuba@blast.org.bd